D 9093. 50 Rs.

पचास रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

५०रू. FIFTY RUPEES 50RS

Admissible under Regn. Rule 21 and also u/s 5(1) of the West Bengal L. R. Act 1955, duly stamped (~~Exempted from stamp duty~~) under the Indian Stamp Act. 1899 as amended in 1964, Schedule 1A No 23

Process Fee

Paid in C. F. S. 3.00

A = 15.50
N = .60
16.10

District Sub-Registrar
Alipore, 24 Parganas
2.7.82

:- সাফ বিক্রয় কোবালা : -

মূল্য: - ২০০০.০০ দুই হাজার টাকা মাত্র

*************************************************

কোবালা গ্রহিতা : -
***************

শ্রীমতি জাপা মুখার্জি । স্বামী শ্রী সুমিত কুমার মুখার্জি,

জাতি হিন্দু পেশা গৃহস্থালি, সাং ২২। ১। ১৯ মনোহরপুকুর রোড কলি: - ৬

**************************************************

কোবালা দাতা : -
***************

১। শ্রীমতী মৃনালিনী বৈদ্য । স্বামী মৃত মহেন্দ্র নাথ বৈদ্য,

২। শ্রী বিশ্বনাথ বৈদ্য, পিতা মৃত মহেন্দ্র নাথ বৈদ্য, জাতি হিন্দু পেশা বিষয় ভোগি,

সাং বুজি থানা কসবা জেলা ২৪ পরগণা ।

**********************************

কস্য অধুনা ৪নং বিধিমতে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের ৩তিন কাঠা ১৫ পনের ছটাক ৯নয় স্কোয়ার ফিট জমি এবং রাস্তার দরুন ১১এগার ছটাক ৪৩ স্কো: ফিট জমি একুনে মোট ৪চার কাঠা ১১এগার ছটাক ৭ সাত স্কোয়ার ফিট জমি বিক্রয়ের

30 Rs.

तीस रुपया

৩০রু. भारत INDIA 30RS

THIRTY RUPEES

।।২।।

জেলা ২৪ পরগণা, পরগণা খাসপুর, থানা সাবেক টালিগঞ্জ বর্তমানে কসবা, সাবরেজিস্ট্রারি আলিপুর, অত্র জেলা কালেক্টরির মহাল ১৫১নং তৌজি ভুক্ত জে: এল ২৪ মৌজা চক্ গনিয়াগাছি গ্রামের রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের হাল ৩১নং খতিয়ান লিখিত মোট ১.০৮ শতক জমির কাত বার্ষিক ৭.০০ টাকা ১৩ তের করের জমি জমা আমরা অত্র কোবালা দাতাদ্বয় আমাদের পূর্বাধিকারি মহেন্দ্র নাথ বৈদ্য মহাশয়ের স্বত্ব দখলীয় সম্পত্তি ছিল। উক্ত সম্পত্তি মহেন্দ্র নাথ বৈদ্য একক ষোল আনা চাষাবাদ দ্বারা স্বত্ববান মালিক দখলকার থাকা কালে রিভিসন্যাল সেটেলমেনট জরিপে ঐ খতিয়ানের লিখিত ১.০৮ শতক জমি মহেন্দ্র নাথ বৈদ্য মহাশয়ের নামে ষোল আনা রেকর্ড লিপিবদ্ধ হয়।

অতঃপর মহেন্দ্র নাথ বৈদ্য উক্ত জমি ভোগ দখল করিয়া আসিতে থাকা কালে ২নং কোবালা দাতাকে এক পুত্র এবং ১নং কোবালা দাত্রীকে এক স্ত্রী ওয়ারেশ উত্তরাধিকারি বিদ্যমান রাখিয়া অপর কোন ওয়ারেশ না রাখিয়া কোন প্রকার দান বা উইলাদি না করিয়া পরলোক গমন করেন। অতপর আমরা অত্র কোবালা দাতাগন উক্ত জমি ১নং দাতা স্বামীর ওয়ারেশ সুত্রে প্রাপ্ত হই এবং ২নং কোবালা দাতা পিতার ওয়ারেশ সুত্রে প্রাপ্ত হইয়া চাষাবাদ দ্বারা স্বত্ববান মালিক দখলকার নিয়ত আছি।

INDIA

एक रुपया

सत्यमेव जयते

ONE RUPEE भारत ONE RUPEE



বর্তমানে নানা কারনে আমাদের নগদ টাকার বিশেষ প্রয়োজনে আমাদের স্বত্ব দখলীয় উক্ত ৩১নং খতিয়ান লিখিত $\frac{৪০}{৫৩}$ নং দাগের শালি .০৮শতক পরিমিত জমি জমার মধ্যে অত্র দলিল সহ দাখিলী নক্সায় লাল রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত ১৪ এবং ১৫নং প্লটের ৩তিন কাঠা ১৫ পনের ছটাক ৯নয় স্কোয়ার ফিট জমি রাস্তার দরুন ১১এগার ছটাক ৪৩ স্কোয়ার ফিট জমি একুনে মোট ৪চার কাঠা ১১এগার ছটাক ৭সাত স্কোয়ার ফিট পরিমিত জমি বিক্রয়ের ঘোষনা করিলে আপনি অত্র কেবালা গ্রহিতা তাহা অবগত হইয়া উক্ত জমি বেলমোক্তা ২০০০.০০ দুই হাজার টাকায় খরিদ করিবার মানসে আমাদের নিকট প্রস্তাব করিলে আমরা অত্র কেবালা দাতা আপনার প্রস্তাবে সম্মত হইয়া অদ্যকার তারিখে আপনার নিকট হইতে ধার্য্য পনের লিখিত ২০০০.০০দুই হাজার টাকা নিম্ন তপশীল জায়মত নগদ গ্রহন করিয়া স্বীকার অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে: বিক্রিত নিম্ন তপশীল বর্নিত জমি জমাতে আমরা অত্র কেবালা দাতাদ্বয় আমাদের যে সমুদয় স্বত্ব, স্বামিত্ব, স্বার্থ, লভ্য, দখল, অধিকার, হক হকিয়ত দাবি দাওয়া প্রভৃতি ছিল বা আছে তৎসমুদয় নির্ব্যূঢ় স্বত্বে রদ রহিত বিলুপ্ত ও ধ্বংস হইয়া সর্ব্বতোভাবে কেবালা গ্রহিতা আপনাতে বর্তিল বা অর্শিল। আপনি কেবালা গ্রহিতা অদ্যকার তারিখ হইতে বিক্রিত

নিম্ন তপশীল বর্নিতজমি জমাতে আমাদের স্বত্ব স্বত্তবান মালিক দখলকার হইয়া বর্তমান মালেকান সরকারে আমাদের নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তনক্রমে ধার্য্য খাজনাদি আদায়ে দাখিলা গ্রহনে উহা সর্ব প্রকার দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর করনের ক্ষমতাযুক্তে আপনি মায় আপনার ওয়ারিশান উত্তরাধিকারি গনক্রমে পরমসুখে ভোগ দখল করিতে থাকুন তাহাতে কালে কস্মিনে আমরা কিম্বা আমাদের ওয়ারিশান গনক্রমে কেহ কখনও কোন দিন কোন প্রকার ওজর আপত্তি দাবি দাওয়া করিতে পারিবনা করিলেও তাহা বাতিল ও অগ্রাহ্য হইবে।

বিক্রিত নিম্ন তপশীল বর্নিত জমি ইতি পূর্বে অন্য কাহাকেও দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর করি নাই বা করা নাই। উহা কাহারও জামিনে বা কাহারও ঋণ দেনার দায়ে চার্জ আবদ্ধ নহে। কিম্বা তপশীল বর্নিত জমি সরকার বাহাদুর কর্তৃক একুইজিশান হয় নাই। নির্দায় নির্দোষ অবস্থায় বিক্রিত নিম্ন তপশীল বর্নিত জমি আমাদের খাস দখলে থাকা কালিন আপনার নিকট বিক্রয় করতঃ চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং বিক্রিত ভূম্যাদিতে আপনাকে খাস দখল দিলাম। ভবিষ্যতে আমাদের উক্তির বিপরিত বলিয়া প্রকাশিত হইয়া আপনার এই দলিল মূলে খরিদা জমি জমাতে নিরুপদ্রব ভোগ ব্যবহারে কোন প্রকার বাধা বিঘ্ন ঘটে বা জন্মে তজ্জন্য আমরা সম্পূর্ন দায়ীক রহিলাম তদনধ্যায় আপনার নিকট হইতে অদ্যকারের লওয়া পনের লিখিত টাকা মায় ক্ষতি খেসারত সুদ এক কালিন ফিরত দিতে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় সজ্ঞানে আপন আপন খুসিতে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া ও পনের লিখিত টাকা নিম্ন তপশীল জায়মত নগদ গ্রহন করিয়া অত্র কোবালা দলিল আপনার নাম বরাবর সহিসম্পাদন করিলাম। ইতি তাং ৩০।৬।৮২

:- তপশীল সম্পত্তির পরিচয় : -

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

জেলা ২৪ পরগণা, পরগণা খাসপুর থানা সাবেক টালিগঞ্জ বর্তমানে কসবা

সাবরেজিষ্টারি আলিপুর ১৫১নং তৌজি ডু.উ. রে:সা: ৮ – ২ জে:এল ২৪ মৌজা চক্‌-গনিয়া গাছি গ্রামের রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের হাল ৩১নং খতিয়ান লিখিত ১.০৮ শতক জমির কাত বার্ষিক ৭.০০ টাকা ১৩তের আনা করের জমি জমার মধ্যে : -

৪০ চল্লিশ বাঁটা -

------- নং দাগের শালি .৩৮ শতক জমির মধ্যে অত্র দলিল সঙ্গে দাখিলী নকসায় ৫৩ তেপান্ন

লাল রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত ১৪ এবং ১৫নং প্লটের ৩তিন কাঠা ১৫ পনের ছটাক ১নয় স্কোয়ার ফিট জমি রাস্তার দরুন ১১এগার ছটাক ৪৩ স্কোয়ার ফিট জমি একুনে মোট ৪চার কাঠা ১১এগার ছটাক ৭ সাত স্কোয়ার ফিট জমি বায় যাবতীয় আকর আওনাতাদি সহ সম্পত্তি এই দলিলের বিক্রিত সম্পত্তি হইতেছে। হারাহারি খাজনা ১.২৫ পয়সা বর্তমান মালিক সরকারে দেয়।

তাহার চৌহদ্দি

***********************

উত্তর :- ২৩ ফিট প্রসস্থ কমন প্যাসেজ। দক্ষিন :- ১৮ এবং ১৯নং প্লটের জমি।

পূর্বে :- ১৫ এবং ১৬নং প্লটের পার্ট। পশ্চিম :- ১৩ এবং ১৪নং প্লটের পার্ট।

পনের টাকার জায়

*******************

১০০.০০ টাকার নোট ------ ২০ কেতা ২০০০.০০ দুই হাজার টাকা মাত্র

ইসাদি : -

------- Nabani Narayan Roy

টাইপকারক : -

আলিপুর কলি: - ২৭

SITE PLAN OF PLOT No 14 POR OF

PLOT No 15. AT PORTION OF R.S. DAG No 53.

J. L. No 24. MOUZA CHAWKGANIA GACHI - P.S. JADAVPUR

NOW - KASBA . DIST - 24 PARGANAS

SCALE 50'-0" = 1 INCH.

| PLOT NO | GROSS AREA. | ROAD | NET AREA. |
|---|---|---|---|
| P 14. POR. P15 | 4K - 11 CH 7 SFT. | 0K - 11CH - 43 SFT | 3K - 15CH - 9 SFT. |

SOLD LAND SHOWN IN RED BORDER

